

## আবদুর রাজ্জাক আমি শূন্যতাকেই শেষ আশ্রয় বলে মেনে নিয়েছি

এই যে চিত্ররূপের মতো বিস্ময়কর ছায়ার নিচে আমি দাঁড়িয়ে আছি, কেউ কি আমাকে এভাবে একা দাঁড়িয়ে থাকতে বলেছে? ফুলের ঐশ্বর্যের কোনো গল্প কি বলতে বলেছে তারা? কবে তার প্রথম দেখা! তার ছায়ানৃত্য দেখার লোভে আজীবন দাঁড়িয়ে থেকেছি এক ফলবান বৃক্ষতলায়, নদীময়, স্রোতময় জীবন আমার; কেনো সে ঢেউয়ের পরে ঢেউ হয়ে আঁছড়ে পড়ে আমার মোহনায়, সে আমার শব্দনদী; সে আমার সোনার খনি; সে আমার জলের কাঁপন; জয় তু কোন দাসত্ব মেনে নিজেকে এত তুচ্ছ ভাবি? ধরতে পারি না যা কিছু আমি স্বপ্নে দেখি, যা কিছু স্পর্শ করি গভীর কল্পনা বোধে, তোমার নিসর্গ ছেড়ে এ কোন নরকে বসে আগুন পোহাই? তোমার ছায়া লুক্কায়িত আছে আমার আত্মার প্রকোষ্ঠে, এখানেই উচ্চতা শুরু, আমরা পরস্পরের কাছ থেকে ছুটে গিয়েছি আন্তঃনগর এক্সপ্রেস ধরে, আমি কি অস্বীকার করি সেই আন্তঃনগর এক্সপ্রেসের দুলুনি? আমরা দুজন ছাড়া কে বুঝেছে সেই অবিনশ্বর শব্দতরঙ্গ; বিপুল কণ্ঠ?